গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.masscommunication.gov.bd

স্মারক নংঃ ১৫.৫৬.২৬৬৬.০০২.৯৯.০২৫.১৫ (অংশ-৩)/৩৫৬০(১০০) তারিখ : ১৯.১১.২০১৮

বিষয়: ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ জাকির হোসেন মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
তারিখ	:	০৪.১১.২০১৮, বৃহস্পতিবার
সময়	:	বেলা ১২.০০টা
স্থান	:	গণযোগাযোগ অধিদপ্তরের সম্মেলনকক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট ''ক''

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমোদনক্রমে উপপরিচালক (প্রশাসন ও অর্থ) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত ও ইনোভেশন টিমের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনার বিষয় সভায় উপস্থাপন করেন। তিনি জানান, ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুসারে জেলা পর্যায়ে তথ্য অফিস থেকে প্রাপ্ত (১) ইউটিউবে ডকুমেন্টারি, উদ্বুদ্ধ চলচ্চিত্র আপলোড করে স্থানীয় ব্যাপক জনগোষ্ঠীকে প্রদর্শনের ব্যবস্থাকরণ (২) উপজেলা পর্যায়ে তথ্য অফিস স্থাপন করে ব্যাপক প্রচার কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সঠিক ও নির্ভরযোগ্য তথ্য প্রদানের মাধ্যমে জনগণকে সচেতন করা শীর্ষক ০২ (দুই) টি উদ্ভাবনী ধারণা চূড়ান্ত করে আইডিয়া ব্যাংকে জমা রাখা হয়েছে। সভাপতি এ কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ ও বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

সভায় জানানো হয় ভিডিও কলের মাধ্যমে উন্মুক্ত বৈঠক, চলচ্চিত্র প্রদর্শন ও কুইজ প্রতিযোগিতা এবং স্থানীয় ক্যাবল টিভির মাধ্যমে বার্তা প্রচার কার্যক্রম অব্যাহত আছে এবং এ সকল কার্যক্রম এলাকার বিভিন্ন সমস্যা সমাধানসহ মাদক ও জঙ্গিবাদ প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখছে।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ :

০১। ২০১৮-১৯ অর্থবছরে প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।

০২। স্থানীয় ক্যাবল টিভির মাধ্যমে উন্নয়নমূলক কর্মকাণ্ডের বার্তা সংবলিত ০১ (এক) মিনিট স্থিতিকালের ভিডিও ক্লিপ সৌজন্যমূলকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। কুইজের মাধ্যমে চলচ্চিত্র প্রদর্শন প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

০৪। আর্থসামাজিক বিভিন্ন ইস্যুতে ভিডিও কলের মাধ্যমে উন্মুক্ত বৈঠককালে প্রান্তিক জনগোষ্ঠীর সাথে সম্পদ ব্যক্তির সংযোগ ঘটিয়ে তাদের বিভিন্ন সমস্যাসহ এলাকাভিত্তিক বিভিন্ন সমস্যা সমাধানে আরো তৎপর হতে হবে।

০৫। ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত সকল কার্যক্রম অধিদপ্তরের ওয়েবসাইটের ইনোভেশন কর্নারে আপলোডসহ নিয়মিতভাবে তথ্য হালনাগাদ করতে হবে।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুন্সী জালাল উদ্দিন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ও
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ফোনঃ ৯৩৩৫৬৫৪

জ্ঞাতার্থে :

০১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

কার্যার্থে :

০১। পরিচালক (কারিগরি ও প্রশিক্ষণ/প্রচার ও সমন্বয়), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।

০২। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।

০৩। উপপরিচালক/সিনিয়র তথ্য অফিসার/তথ্য অফিসার/সহকারী তথ্য অফিসার, জেলা তথ্য অফিস ও তথ্য অফিস (সকল)।

2018-19